



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(বান্দরবান, কক্সবাজার, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, শেরপুর ও ময়মনসিংহ জেলার জন্য)

বুলেটিন নং ১১৮

প্রকাশের তারিখ: ০৬/০৭/২০২৬

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বিশেষ বার্তা (০৫.০৭.২০২৬) অনুযায়ী ০৫-১০ জুলাই চট্টগ্রাম বিভাগের নদীসমূহের পানিসমতল বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে এবং ০৮-১০ জুলাই সিলেট ও ময়মনসিংহ বিভাগের নদীসমূহের পানিসমতল সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এর ফলে বান্দরবান, কক্সবাজার, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, শেরপুর ও ময়মনসিংহ জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দস্তায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বন্যা কবলিত হওয়ার আগেই দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন খানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৩। জমির আইল উঁচু করে দিন।
- ৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

০৬/০৭/২০২৬

(উম্মী আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে